ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪১৯
উদয়পুর, ২৮ অক্টোবর, ২০২৫

**কাকড়াবন সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে ইসিজি পরিষেবা চালু**

ত্রিপুরার গ্রামীণ স্বাস্থ্য পরিষেবায় এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে গোমতী জেলার কাকড়াবন সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে অত্যাধুনিক ইসিজি (ইলেক্ট্রোকার্ডিওগ্রাম) পরিষেবা চালু করা হয়েছে। এই পরিষেবা চালুর ফলে হৃদরোগের প্রাথমিক শনাক্তকরণ ও সময়মতো চিকিৎসার ক্ষেত্রে এলাকার রোগীদের দ্রুত সহায়তা প্রদান সম্ভব হবে। কাকড়াবন সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক আধিকারিক ডা. জয়শঙ্কর মজুমদার এই প্রসঙ্গে জানান, ‘ইসিজি পরিষেবা চালু হওয়াতে প্রাথমিক পর্যায়ে হৃদরোগ শনাক্ত করতে এটি বিরাট সাহায্য করবে। হৃদযন্ত্রের সমস্যায় ভোগা রোগীকে প্রয়োজনে সময়মত উচ্চতর চিকিৎসা কেন্দ্রে রেফার করা যাবে এবং সঙ্গে সঙ্গে প্রাথমিক চিকিৎসা শুরু করা সম্ভব হবে।’ ইসিজি মেসিন একটি জীবনদায়ী মেশিন। সাধারণত মহকুমা, জেলা বা রাজ্যভিত্তিক হাসপাতালগুলিতে ইসিজি মেশিন স্থাপন করা হয়ে থাকে। কিন্তু কাকড়াবন সিএইচসি-তে রোগী কল্যাণ সমিতির উদ্যোগে ও সক্রিয় সহযোগিতায় এই গুরুত্বপূর্ণ মেশিনটি স্থাপন করা সম্ভব হয়েছে। ডাঃ মজুমদার জানান, এই ইসিজি মেশিনটি একটি উন্নতমানের ১২ চ্যানেলের মেশিন, যা রোগী কল্যাণ সমিতির তহবিল থেকে ক্রয় করা হয়েছে। তিনি আরও নিশ্চিত করেন যে এই পরিষেবাটি প্রতিদিন চালু থাকবে। দিবারাত্র যে কোনো সময়ে প্রয়োজনে এবং চিকিৎসকের পরামর্শক্রমে রোগীর ইসিজি করা যাবে।। এই জরুরি পরিষেবা সুষ্ঠু ভাবে পরিচালনার জন্য হাসপাতালের স্টাফ নার্সদেরকে ইতিমধ্যে বিশেষ প্রশিক্ষণও দেওয়া হয়েছে। ডাঃ মজুমদারের প্রদত্ত তথ্য অনুযায়ী, পরিষেবা চালুর পর গত দুই দিনে এখনও পর্যন্ত মোট ৫ জন রোগীকে সফলভাবে ইসিজি করা হয়েছে। কাকড়াবন সি এইচ সি-তে এই অত্যাবশ্যকীয় পরিষেবা চালুর ফলে এলাকার সাধারণ মানুষ উপকৃত হবেন বলে আশা করা যাচ্ছে, যা গ্রামীণ স্বাস্থ্য পরিকাঠামো উন্নয়নে একটি ইতিবাচক দৃষ্টান্ত স্থাপন করল। গোমতী জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

*****